

৩৪তম সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট

অ্যান্টোনিও রেইনোসো (Antonio Reynoso) (D, WF)

হাই, আমি Antonio Reynoso এবং আমি ক্রকলীনের উইলীয়ামসবার্গ, বাশউইক এবং কুইন্স এর রীজউড সমন্বয়ে গঠিত ৩৪তম ডিস্ট্রিক্টের সিটি কাউন্সিল নির্বাচনে দাড়ায়েছি। আমি উইলীয়ামসবার্গ এর লস সুবেস অংশে ডমিনিকান রিপাবলিক থেকে আগত মা-বাবার ঘরে বড় হয়েছি। বিগত সাত বছর আমি বর্তমান কাউন্সিল মেম্বার Diana Reyna এর সাথে কাজ করেছি যার মধ্যে তিন বছর কেটেছে চীফ অব ষ্টাফ হিসাবে। কমিউনিটি সমন্বয়ক হিসাবে বিল্ডিং ও ক্ষুদ্র ব্যবসা স্বত্বাধিকারীদের সাথে সম্পর্ক উন্নয়নে ভূমিকা রেখেছি এবং নগর সরকারের আমলাতান্ত্রিক কার্যক্রম চলমান রাখতে সচেষ্ট থেকেছি। Diana Reyna এর চীফ অব ষ্টাফ হিসাবে আমি সংস্থানযোগ্য গৃহায়নে প্রগতিমুখী নীতি ও সামর্থ্যের মধ্যে বাসস্থানের আইনগত সংস্কার, অর্থনৈতিক উন্নয়ন, কর্মসংস্থান, শিক্ষা, এবং জন নিরাপত্তা এগিয়ে নিয়েছি ও দেখাশুনা করেছি। অধিকন্তু কাউন্সিল মেম্বারের চীফ অব ষ্টাফ হিসাবে ডিস্ট্রিক্টের গুরুত্বপূর্ণ বিষয়াবলী, সিটি কাউন্সিলের আভ্যন্তরীণ কর্মকান্ড সম্পর্কে সম্যক অবগত এবং ৩৪তম ডিস্ট্রিক্ট কাউন্সিলের গঠিত আমার কমিউনিটির অগ্রযাত্রায় অগনিত পদক্ষেপ নিয়েছি। পাবলিক স্কুল সমূহের উন্নয়নে এবং নির্বিঘ্ন পদচারণা সংরক্ষনে আমি আমার সমর্থন অব্যাহত রাখতে চাই। আমি নিজে পাবলিক স্কুলের ডিগ্রীধারী হিসাবে আমাদের সমাজের উপর শিক্ষার গুরুত্ব, অবদান এবং প্রভাব বুঝি। আমি এই সব প্রতিষ্ঠানের প্রতি কমিউনিটি স্বার্থ, অংশগ্রহণ এবং দায়িত্ব প্রকল্পিত করতে চাই এবং পাবলিক স্কুল রক্ষার্থে এদের বাজেট বরাদ্দ কাটছাট করার প্রক্রিয়ার বিরুদ্ধে সংগ্রাম করবো। আমার প্রচারণার মূল কেন্দ্রবিন্দু সম্মানজনক সহজসাধ্য গৃহায়ন। আমি বিশ্বাস করি প্রত্যেকেই তার কমিউনিটিতে তার নিজের ঘরে বসবাস করার সুযোগ দেওয়া সমিচীন। আমি স্থানীয় গৃহায়ন ইউনিটের উন্নয়ন ও সংরক্ষনে স্থানীয় হাউজিং ডিভিলপমেন্ট কর্পোরেশন সমূহকে সহায়তা দিতে চাই। সর্বশেষে, ক্ষুদ্র ব্যবসা সমূহ কিছু বিশেষ বাঁধা বিপত্তির সম্মুখীন যার প্রতিকার প্রয়োজন। কমিউনিটি ও ইহার প্রয়োজনাধীরা প্রতি সামাজিকভাবে দায়বদ্ধ টিকে থাকার মতো একটা প্রগতীশীল ব্যবসা আবহ তৈরীতে আমি সংগ্রাম করে যাবে। ব্যবসায়ীদের বিনিয়োগ এবং সম্প্রসারণে উৎসাহ ব্যাঞ্জক একটা অর্থবোধক ট্যাক্স, অর্থসংস্থান এবং ব্যয় ব্যবস্থার জন্য আমি কাজ করবো। ৩৪তম ডিস্ট্রিক্টের কাউন্সিল মেম্বার হিসাবে আমাদের বহু মিশ্রিত কমিউনিটির প্রয়োজনে মেঠাতে আমি কঠোর পরিশ্রম করবো। আমাদের যা প্রয়োজন সে অভিজ্ঞতা আমার রয়েছে; আমি আমার ত্যাগের স্বাক্ষর রেখেছি, এবং আমার কমিউনিটি মেম্বারগণের পাশাপাশি আমি আমার সংগ্রাম চালিয়ে যাবো।

*প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেইন ফাইন্যান্স প্রোগ্রাম অংশগ্রহণ করছেন।*